গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
web: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.০০৬.১৮৩.১৯(পার্ট-২).৮-৯০

তারিখঃ ০৮ ভাদ্র ১৪২৬
২৩ সেপ্টেম্বর ২০১৯

# UITRCE এর সহকারী প্রোগ্রামারগণের সহিত ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ২৩.০৯.২০১৯ খ্রি: মঙ্গলবার বিকাল ২.০০ ঘটিকা। |
| স্থান | : | ব্যানবেইস সভাকক্ষ |
| সভার সভাপতি | : | জনাব মোঃ ফসিউল্লাহ্, মহাপরিচালক, ব্যানবেইস। |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তা বিবরণ <u>পরিশিষ্ট-'ক'</u> এ সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত ব্যানবেইস এর কর্মকর্তা এবং UITRCE-এর সহকারী প্রোগ্রামারগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর আলোচ্যসূচি অনুসারে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১. | ডিজিটাল হাজিরা | ইলেক্ট্রনিক্স ডিভাইস-এর মাধ্যমে হাজিরা নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | (১) UITRCE তে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের হাজিরা নিশ্চিত করার লক্ষে ১২৫ টি UITRCE সেন্টারে ইলেক্ট্রনিক্স হাজিরার ডিভাইস স্থাপন অক্টোবর মাসের মধ্যে সম্পন্ন হবে।<br><br>(২) UITRCE অফিসে আগমন ও প্রস্থানের সময় ইলেক্ট্রনিক্স ডিভাইসে সকল কর্মকর্তা ও কর্মচারী ফিঙ্গার প্রিন্ট হাজিরা প্রদান করবেন। আগমন ও প্রস্থানের হাজিরা নিশ্চিত করতে হবে।<br><br>(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সম্মতি সাপেক্ষে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীদের একই পদ্ধতিতে ফিঙ্গারপ্রিন্ট হাজিরার ব্যবস্থা নিতে হবে।<br><br>(৪) মাষ্টার ট্রেইনারগণ আগমন ও প্রস্থানের সময় ইলেক্ট্রনিক্স ডিভাইসে ফিঙ্গারপ্রিন্ট হাজিরা প্রদান করবেন।<br><br>(৫) প্রতি ব্যাচের প্রশিক্ষণার্থীদের | (১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ব্যানবেইস।<br><br>(২)উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>(৩) সহকারী প্রোগ্রামার(সকল) UITRCE |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| | | | আইডি কার্ডের মাধ্যমে ডিজিটাল হাজিরা নিশ্চিত করতে হবে। | |
| ২. | UITRCE-তে শিক্ষক কর্মচারীদের প্রশিক্ষণ | সভায় প্রশিক্ষণ এর বিষয়ে আলোচনা হয়। সহকারী প্রোগ্রামারগণ যার যার উপজেলা সর্ম্পকে বর্ণনা দেন এবং প্রশিক্ষণের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। | (১) যে সকল শিক্ষকগণ প্রশিক্ষণ গ্রহণ করেননি তাঁদের নামের তালিকা ও ডাটাবেইজ Update করে প্রশিক্ষণ দিতে হবে ।<br><br>(২) নিজ উপজেলার শিক্ষকদের আগে প্রশিক্ষণ প্রদান করে অন্য উপজেলার শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>(৩) প্রতিটি UITRCE -তে শিক্ষকদের ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ডাটাবেইজ ব্যানবেইসসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে লিংক করতে হবে।<br><br>(৪) প্রতিটি কোর্স শেষ হলে UITRCE-এর মাস্টার ট্রেইনারগণের সাথে আলোচনায় বসতে হবে। প্রশিক্ষণের বিষয়ে আলোচনা করে প্রয়োজনীয় গাইডলাইন দিতে হবে।<br><br>(৫) কোর্স কোঅর্ডিনেটর কমিটিতে সহকারী প্রোগ্রামার, UITRCE এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার যৌথভাবে সমন্বয় করে কাজ করবেন।<br><br>(৬) সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে প্রশিক্ষণ সামগ্রী অনুমোদিত নমুনা মোতাবেক গ্রহণ করতে হবে।<br><br>(৭) প্রশিক্ষণ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ৭ দিনের মধ্যে ব্যয় ভাউচার ব্যানবেইসে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ব্যানবেইস।<br>(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>(৩) সহকারী প্রোগ্রামার, UITRCE |
| ৩. | বার্ষিক শিক্ষা জরিপ ও সিআরভিএস | ব্যানবেইস-এর অনলাইন বার্ষিক শিক্ষা জরিপ ২০১৯ ও সিআরভিএস বিষয়ে সভায় | (১) বার্ষিক শিক্ষা জরিপ- জরিপ কাজে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামারগণ | (১)উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| | | আলোচনা হয় এবং সহকারী প্রোগ্রামারগণ জরিপের কাজে সহযোগিতা করার বিষয়ে আলোচনা হয়। | সহযোগিতা করবেন এবং UITRCE-তে জরিপের কাজ বিশেষ করে তথ্য এন্ট্রি করার সুযোগ করে দিবেন এবং সংশ্লিষ্ট উপজেলার সার্বিক কারিগরিদিক তদারকি করবেন।<br>(২) সিআরভিএস এর ডাটাবেইস তৈরির কাজে সহকারী প্রোগ্রামারগণ দায়িত্ব পালন করবেন। | (২) সহকারী প্রোগ্রামার, UITRCE |
| ৪. | অফিসের নিরাপত্তা, পরিচ্ছন্নতা ও সাজসজ্জা | অফিসের নিরাপত্তা, পরিচ্ছন্নতা, সাজসজ্জার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) UITRCE অফিসের ভবনের ছাদ, ভিতর ও বাইরের সিড়িঁ, ওয়াশ রুম, ICT ল্যাবসহ অন্যান্যসহ সার্বিক নিরাপত্তা ও পরিচ্ছন্নতার নিশ্চিতকরণে সহকারী প্রোগ্রামারগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>(২) UITRCE ও Cyber Cafe কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষকদের পাশাপাশি সংশ্লিষ্ট সকলের জন্য উন্মুক্ত থাকবে। এতে শিক্ষা বান্ধব পরিবেশ তৈরী করতে হবে।<br>(৩) যে সকল UITRCE-তে সহকারী প্রোগ্রামারগণের নাম পদবিসহ একই ধরনের একই মাপের অনার বোর্ড নাই সে সকল UITRCE-তে অর্নার বোর্ড স্থাপন করতে হবে। | (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>(২) সহকারী প্রোগ্রামার, UITRCE |
| ৫. | ২০১৯-২০২০ এর বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) ও উদ্ভাবনী প্রয়াস বাস্তবায়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল পুরষ্কার ও জনপ্রশাসন পদক | নাগরিক সেবায় উদ্ভাবনী বিষয়ে বিশেষ নির্দেশনাসমূহ বাস্তবায়ন, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) এবং জাতীয় শুদ্ধাচার পুরষ্কার প্রদান ও জনপ্রশাসন পদক প্রাপ্তির জন্য প্রস্তাব দাখিলের বিষয়ে আলোচনা হয়। | (১) APA ও NIS যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>(২) জনপ্রশাসন পদক প্রদানের বিজ্ঞপ্তি প্রকাশের পর তা প্রাপ্তির লক্ষে কর্মরত UITRCE-তে সহকারী প্রোগ্রামারদের জনপ্রশাসন পদক প্রাপ্তির জন্য পৃথক পৃথক আবেদন করবেন।। | (১) সহকারী প্রোগ্রামার UITRCE |
| ৬. | সহকারী প্রোগ্রামারগণের প্রশিক্ষণ | সহকারী প্রোগ্রামারগণের ফাউন্ডেশন ট্রেনিং এর পর রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ এর বিষয়ে আলোচনা হয়। | (১) সহকারী প্রোগ্রামারগণের জন্য বিয়াম ফাউন্ডেশন ঢাকায় ৫দিন ব্যাপী রিফ্রেশমেন্ট প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | (১) পরিচালক. ব্যানবেইস |
| ৭. | UITRCE-তে বই প্রেরণ | UITRCE-তে বই প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | (১)ইতোপূর্বে প্রেরিত বই যথাযথ কেটালগিং করে ব্যবহার ও সংরক্ষণ করতে হবে । | (১)চীফ, ডিএলপি, বিভাগ<br>(২)সহকারী |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| | | | (২)নতুন বই সংগ্রহ করে প্রেরণ করতে হবে। | প্রোগ্রামার, UITRCE |
| ৮. | পৌর কর পরিশোধ | UITRCE- এর পৌর কর পরিশোধ এর বিষয়ে আলোচনা হয়। | (১) সংশ্লিষ্ট পৌরসভার সঙ্গে যোগাযোগ করে পৌরকরের চাহিদা সংগ্রহ করে পৌরকর পরিশোধ করতে হবে এবং ব্যানবেইসকে অবহিত করতে হবে।<br>(২) পৌরকরের পরিমাণ বেশি হলে যাচাই করে প্রয়োজনে পৌরসভা ও UNO-এর সাথে যোগাযোগ করে ব্যবস্থা নিতে হবে।<br>(৩) যেসকল UITRCE-এর ইউনিয়ন এর আওতায় সেসকল UITRCE-এর ইউনিয়ন এর কর পরিশোধ করতে হবে। | (১) উপপরিচালক (অর্থ)<br>(২)উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>(৩)সহকারী প্রোগ্রামার, UITRCE |
| ৯. | টেলিফোন, বিদ্যুৎ, পানি, ইন্টারনেট | UITRCE-তে টেলিফোন লাইন, বিদ্যুৎ, পানি, ইন্টারনেট ব্যবহার ও বিল পরিশোধের বিষয়ে আলোচনা হয়। | (১) যেসব UITRCE-তে এখনো টেলিফোন সংযোগ হয়নি সেগুলোতে দ্রুত টেলিফোন সংযোগ নিশ্চিত করতে হবে।<br>(২) যে সব UITRCE-তে বিদ্যুৎ, পানি এবং ইন্টারনেটের সমস্যা আছে তা অতি দ্রুত মেরামত করে নিতে হবে।<br>(৩) ইন্টারনেটের গতি যাচাই করে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে অবহিত করতে হবে।<br>(৪) গভীর নলকূপ স্থাপনের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাথে যোগাযোগ করে ব্যবস্থা নিতে হবে। | (১)সিনিয়র সিস্টেম এনালিস্ট, ব্যানবেইস।<br>(২)সহকারী প্রোগ্রামার, UITRCE |
| ১০. | বেতন ভাতা, পদস্থায়ী করণ, চাকুরীর স্থায়ীকরণ ও এসিআর | UITRCE-তে কর্মরত নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতাকর্মীর বেতন ভাতার বিষয়ে আলোচনা হয় এবং কম্পিউটার অপারেটর ও ল্যাব এ্যাসিসটেন্টগণের চাকুরী দুই বছর পূর্ণ হওয়ায় পদ স্থায়ীকরণের বিষয়ে আলোচনা হয়। | (১) UITRCE-তে কর্মরত নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মীগণের বেতন ভাতা সঠিকভাবে পাওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br>(২) (২) UITRCE-এর সহকারী প্রোগ্রামার ১২৮ টি ও ল্যাব এ্যাসিসটেন্ট-১২৮টি ও কম্পিউটার অপারেটর ১২৮ পদের মেয়াদ বৃদ্ধির জন্য শিক্ষা ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে। মেয়াদ | (১)পরিচালক |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| | | | বৃদ্ধি করা হলে স্থায়ী করণের জন্য পাঠাতে হবে। | |
| ১১. | UITRCE-পরিদর্শন | যেসব UITRCE-তে সহকারী প্রোগ্রামার নেই সেসব কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। | (১)ব্যানবেইস এর কর্মকর্তাগণের পাশাপাশি সহকারী প্রোগ্রামারগণ দায়িত্বপ্রাপ্ত উপজেলার UITRCE-এর কারিগরি বিষয়াদি দেখার জন্য পরিদর্শন করবেন।<br><br>(২) সহকারী প্রোগ্রামারগণ তাদের নিজ নিজ উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান ICT ল্যাব এর কারিগরি বিষয়াদি পরিদর্শন করত: কারিগরি সহযোগিতা প্রদান করবেন।<br>(৩) ব্যানবেইস এর কর্মকর্তা ও UITRCE-এর সহকারী প্রোগ্রামারগণের পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ৭দিনের মধ্যে প্রতিবেদনের আলোকে কার্যক্রম গ্রহণ করে অনুসরণ মূলক প্রতিবেদন পরিদর্শন রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে এবং প্রতিবেদন ব্যানবেইসকে প্রেরণ করতে হবে। | (১) সহকারী প্রোগ্রামার |
| ১২. | বিবিধ | (১)বাজেট বরাদ্ধ অনুসারে সকল ব্যয় যথাযথভাবে সম্পাদনের বিষয়ে আলোচনা হয়।<br>(২)সাইবার সেন্টার ব্যবহার বিষয়ে আলোচনা হয়। | (১) সকল ব্যয় বাজেট অনুসারে প্রয়োজন মোতাবেক বিধিমালা অনুসরণ করে করতে হবে।<br>(২) অপ্রয়োজনে অর্থ উত্তোলন করা যাবেনা। | (১)উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>(২)সহকারী প্রোগ্রামার, UITRCE |

২। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ ফসিউল্লাহ্ )
মহাপরিচালক
ফোন: ৯৬৬৫৪৫৭

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.০০৬.১৮৩.১৯(পার্ট-২). ৮৩৫/১(৮)

তারিখঃ ০৮ ভাদ্র ১৪২৬ / ২৩ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি কার্যার্থেঃ

(১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(২) চীফ, পরিসংখ্যান বিভাগ/ ডি.এল.পি বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা।

(৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ), ব্যানবেইস, ঢাকা।

(৪) স্পেশালিস্ট (পরিসংখ্যান/লাইব্রেরি/পাবলিকেশন/ডকুমেন্টেশন), ব্যানবেইস, ঢাকা।

(৫) সহকারী প্রোগ্রামার, UITRCE (সকল)।

(৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্যানবেইস, ঢাকা।

(৭) অফিস কপি।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

(১) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ ওসমান ভুইয়া)
পরিচালক
ব্যানবেইস